দৈনিক বাংলা

তারিখ ... 24 AUG 1995

পৃষ্ঠা ... কলাম ...

# জাঃনগর ভার্সিটির প্রশ্নপত্র ফাঁস : ১ সেপ্টেম্বর ফের ভর্তি পরীক্ষা

জাঃ বিঃ সংবাদদাতা : ২২ আগস্ট।— জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (৯৪–৯৫) শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষার পদার্থ বিজ্ঞান 'মাদামকুরী সেটের' প্রশ্নপত্র ফাঁস হওয়ার ঘটনা প্রমাণিত হওয়ায় পরীক্ষার নতুন তারিখ ঘোষণা করা হয়েছে। আগামী ১ সেপ্টেম্বর মাদামকুরী সেটের জন্য নতুন করে পরীক্ষা গ্রহণ করা হবে।

গত ১৭ জুন পদার্থ বিজ্ঞান বিভাগের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষার আগের দিন সাভার ও বিশ্ববিদ্যালয়ের আশেপাশের এলাকায় হাতে লেখা ও প্রশ্নপত্রের ফটোকপি বিক্রি হতে দেখা যায়।

ক্যাম্পাসের সাংবাদিকরা ১৭ জুনের পরীক্ষার প্রশ্নপত্রের তিনটি সেট পরীক্ষার আগের দিন উদ্ধার করে। মাদামকুরী সেটটি ১৭ জুন একটি জাতীয় দৈনিকে ছাপা হয়। যা ১৭ জুনের পরীক্ষার সঙ্গে হুবহু মিলে যায়। বাকি দুই সেট প্রশ্নপত্র সাংবাদিকরা পদার্থ ও গাণিতিক অনুষদের ডীনের কাছে জমা দেয়। সাংবাদিকরা প্রশ্নপত্র ফাঁসের বিষয়টি দেখার জন্য শিক্ষকদের অনুরোধ জানান। প্রশ্নপত্র ফাঁস হয়েছে এই তথ্য প্রকাশ করায় শিক্ষকগণ বিষয়টিকে সন্দেহমূলক বলে অভিহিত করে সাংবাদিকদের জেল হাজতে প্রেরণের হুমকি দেন। শিক্ষকগণও ফাঁস হয়ে যাওয়া দুই সেট প্রশ্নপত্র হাতে পেয়ে ১৮ জুন রাতে পরের দিনের পরীক্ষার জন্য নতুন করে প্রশ্নপত্র ছাপার ব্যবস্থা নেন। রাতেই বিষয়টি জানাজানি হলে ছাত্ররা ডীন অফিস ঘেরাও করে। এ সময় শিক্ষকগণ প্রশ্নপত্র ফাঁসের ঘটনার সত্যতা স্বীকার করেন।

সঙ্গে সঙ্গে তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটিকে ৫ জুলায়ের মধ্যে রিপোর্ট পেশ করার জন্য বলা হয়। তদন্ত কমিটি নির্ধারিত সময়ের প্রায় দেড় মাস পর রিপোর্ট পেশ করে। তাতে প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ প্রমাণিত হয়। ফলে, নতুন পরীক্ষার তারিখ ঘোষণা করা হয়। মাদামকুরী সেটে মোট ৬৪২ জন পরীক্ষার্থী অংশ নেয়। পরীক্ষার্থীদের রোল নম্বরসমূহ ১ সেপ্টেম্বরের পূর্বে সংবাদপত্রের মাধ্যমে জানানো হবে।